

কলকাতা বইমেলা

বাংলাদেশ প্যাভিলিয়নের স্টল আপত্তির মুখে বন্ধ

■ কলকাতা প্রতিনিধি
কলকাতা আন্তর্জাতিক বইমেলায় বাংলাদেশ প্যাভিলিয়নের একটি স্টল আপত্তির মুখে বন্ধ করে দেওয়া হয়েছে। এর আগে কিছু সময়ের জন্য বাংলাদেশ প্যাভিলিয়নটিও বন্ধ রাখা হয়। বাংলাদেশ পর্যটন করপোরেশনের স্টলে প্রদর্শিত মানচিত্রে ভুল থাকার অভিযোগে গতকাল শনিবার এ সিদ্ধান্ত নেওয়া হয়।

মেলা চলাকালে গতকাল বিকেল সাড়ে ৪টার দিকে একদল যুবক বাংলাদেশ প্যাভিলিয়নের বাইরে কয়েকটি মানচিত্র নিয়ে বিক্ষোভ শুরু করেন। তাদের অভিযোগ, পর্যটন করপোরেশনের স্টলে রাখা মানচিত্রে কাশ্মীরকে ভারতের বদলে পাকিস্তানের অংশ হিসেবে দেখানো হয়েছে। আচমকা এ বিক্ষোভে মেলায় আসা মানুষজন হকচকিত হয়ে পড়েন। গণগোলের আশঙ্কায় দ্রুত বাংলাদেশ প্যাভিলিয়নের প্রধান গেটটি বন্ধ করে দেওয়া হয়। কিছুক্ষণের মধ্যেই মেলার আয়োজক পাবলিশার্স অব বুক সেলার্স গিডের কর্মকর্তারা এবং পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হন। প্রতিবাদী যুবকরা ওই স্টলটি বন্ধ ও মানচিত্রগুলো প্রত্যাহারের দাবি জানাতে থাকেন।

পরে প্যাভিলিয়ন কর্তৃপক্ষ পর্যটন করপোরেশনের স্টলটি বন্ধ করে দেন। তারপর বাংলাদেশ প্যাভিলিয়নটি ফের চালু করা হয়। প্যাভিলিয়নের ভেতরে গিয়ে দেখা যায়, স্টলের সব মালপত্র সরিয়ে ফেলা হয়েছে এবং লিখে দেওয়া হয়েছে— এ স্টলটি বন্ধ রাখা হয়েছে। একটি সূত্রে জানা গেছে, কী করে এ ধরনের ঘটনা ঘটল, তা তদন্ত করে দেখা হচ্ছে। ওই মানচিত্রগুলো নষ্ট করে ফেলা হয়েছে বলেও জানা গেছে।